# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ২৪. ৩. বিষয়-সম্পত্তি বিক্রয় করে দান করার নির্দেশ

যীশু তাঁর অনুসারীদের সর্বস্ব বিক্রয় করে দান করতে বলেছেন: “তোমাদের বিষয়-সম্পত্তি বিক্রী করে ভিক্ষা হিসেবে দান কর। যে টাকার থলি কখনও পুরানো হয় না তা-ই নিজেদের জন্য তৈরী কর, অর্থাৎ যে ধন চিরদিন টিকে থাকে তা-ই বেহেশতে জমা কর। সেখানে চোরও আসে না এবং পোকায়ও নষ্ট করে না। তোমাদের ধন যেখানে থাকবে তোমাদের মনও সেখানেই থাকবে।” (লূক ১২/৩৩, মো.-০৬)

এ কথাটাও একইরূপ অতিরঞ্জন মাত্র। পোপ থেকে শুরু করে সাধারণ কোনো খ্রিষ্টান কেউ কি যীশুর এ নির্দেশ পালন করছেন? “যীশু কি মিথ্যা বলেছেন?” (Did Jesus Christ Lie?) প্রবন্ধে গ্যারি ডেভানি বলেন: “Did Jesus lie or have you sold what you have? Did you then give all your money away? Do you prove to be a good Christian in Jesus' eyes?” “যীশু কি মিথ্যা বলেছেন? অথবা আপনি কি আপনার সকল বিষয়-সম্পত্তি বিক্রয় করে সকল অর্থ দান করে দিয়েছেন? যীশুর দৃষ্টিতে কি আপনি ভাল খ্রিষ্টান বলে প্রমাণিত?”[1]

### ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id188.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14376

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন